

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর সমবায় ডাবনা  
এবং আন্তর্জাতিক/বৈশ্বিক সমবায় নীতি বিষয়ে International Cooperative  
Alliance(ICA) ও AARDO এর সমন্বয়ে দুইটি সেমিনার সংক্রান্ত মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির  
সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আমিনুল ইসলাম, নিবন্ধক ও মহাপরিচালক  
স্থানঃ সমবায় অধিদপ্তরের সশ্যেলন কক্ষ (পায়রা)  
তারিখঃ ১৪.১১.২০১৯, বুধসপতিবার  
সময়ঃ সকাল ১১.০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত হল।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর সমবায় ডাবনা এবং  
আন্তর্জাতিক/বৈশ্বিক সমবায় নীতি বিষয়ে International Cooperative Alliance(ICA) ও  
AARDO এর সমন্বয়ে সেমিনার অনুষ্ঠানের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক গঠিত  
কমিটির সভাপতি, নিবন্ধক ও মহাপরিচালক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি  
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত কমিটিকে আন্তর্জাতিক  
প্রেক্ষাপটে বঙ্গবন্ধুর সমবায় ডাবনা নিয়ে ০২(দুটি) সেমিনার আয়োজন এবং বাস্তবায়ন পরিকল্পনার বিষয়ে সুচিন্তিত  
মতামত প্রদানের জন্য সকলকে অনুরোধ করেন। সে আলোকে কমিটির সদস্য সচিব ও অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)  
জনাব মোঃ আসাদুজ্জামান বর্ণিত সেমিনারের প্রেক্ষাপট ও অধিদপ্তরের অবস্থান তুলে ধরেন। সভায় কমিটির প্রস্তাব ও  
বাজেটের বিষয়ে আলোচনা করা হয়। সভায় কমিটির বিভিন্ন কর্মপরিকল্পনা বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিতভাবে  
সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহ:


১. ভেন্যু/স্থান, তারিখ ও সময় নির্ধারণঃ- আলোচনায় অংশ নিয়ে যুগ্ম নিবন্ধক(ইপিপি) জনাব মোহাঃ আব্দুল  
মজিদ বলেন যে, সমবায় অধিদপ্তরের মিনি অডিটোরিয়াম আধুনিক মানের হওয়ায় সেমিনার দুইটি উক্ত স্থানে  
আয়োজন করা যেতে পারে। সভায় উপস্থিত বার্ডের প্রতিনিধি জনাব ড. আব্দুল করিম ভেন্যু হিসেবে সমবায়  
অধিদপ্তরের মিনি কনফারেন্স রুম ব্যবহারের বিষয়ে একমত পোষণ করেন। এ পর্যায়ে আলোচনায় অংশ  
নিয়ে অতিরিক্ত নিবন্ধক(ইপিপি) ও কমিটির সদস্য সচিব দুইটি সেমিনারের মধ্যে ICA এর সমন্বয়ে  
সেমিনারটি আগামী ২০২০ সালের জুলাই মাসের ৪, ৫, ৬ ও ARDO এর সমন্বয়ে সেমিনারটি আগামী ২০২১  
সালের ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি সময়ে অনুষ্ঠানের প্রস্তাব উপস্থাপন করেন। তিনি বলেন যে, জুলাই মাসের  
১ম সপ্তাহে আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপিত হয়। কাজেই এর সাথে মিলিয়ে আন্তর্জাতিক সেমিনার  
জুলাই মাসের ১ম সপ্তাহে অনুষ্ঠিত হতে পারে। অন্যদিকে নভেম্বর মাসের ১ম সপ্তাহে জাতীয় সমবায় দিবস  
অনুষ্ঠানের পর সময় নিয়ে ফেব্রুয়ারী মাসে ২য় সেমিনারটি অনুষ্ঠিত হতে পারে। সভায় উপস্থিত সকল সদস্য  
এবিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ- উক্ত বিষয়ে সভায় উপস্থিত সকলের আলোচনা ও পর্যালোচনাক্রমে সেমিনারের স্থান সমবায়  
অধিদপ্তরের মিনি অডিটোরিয়াম নির্ধারণ করা হয় এবং ICA এর সমন্বয়ে সেমিনারটির তারিখ আগামী

২০২০ সালের জুলাই মাসের ৪,৫,৬ ও AARDO এর সমন্বয়ে সেমিনারটি আগামী ২০২১ সালের ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি সময়ে অনুষ্ঠানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে প্রতিটি সেমিনারে ১০জন বিদেশী রিসোর্স পারসন এবং স্থানীয় অংশগ্রহণকারী ১৪০ জন সহ মোট ১৫০ জন অংশ গ্রহনকারী উপস্থিতি থাকবেন। সে আলোকে সফলভাবে সেমিনার আয়োজন করার লক্ষ্যে একটি খসড়া বাজেট প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বার্ড ও আরডিএ এর প্রতিনিধিগণকে পরবর্তী সভায় তা উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, সমবায় অধিদপ্তর সেমিনারের একটি খসড়া Concept Note প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।



(মোঃ আমিনুল ইসলাম)

নিবন্ধক ও মহাপরিচালক

সমবায় অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯১৪১১৩১

coop\_bangladesh@yahoo.com